

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৩৪

১৩. কিতাবুল হজ্ব (کتاب الحج)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উম্মতের মাঝে যে ব্যক্তি মাদীনায় মারা যাবে, মাদীনা তার জন্য সুপারিশ করবে মর্মে বর্ণনা

ذِكْنُ تَشْفِيعِ الْمَدِينَةِ فِي الْقِيَامَةِ لِمَنْ مَاتَ بِهَا مِنْ أُمَّةِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

3734 ـ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ حَدَّقَنَا حَرْمَلَةُ حَدَّقَنَا ابْنُ وَهْبٍ أَخْبَرَنَا يُونُسُ عَنِ ابْنِ شِهَابٍ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُتْبَةَ: عَنِ الصَّمَيْتَةِ امْرَأَةً مِنْ بَنِي لَيْتْ قَالَ: سَمِعْتُهَا عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُبَيْدٍ أَنَّهَا سَمِعَتْ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ: (مَنِ تُحَدِّثُ صَغِيَّةَ بِنْتَ أَبِي عُبَيْدٍ أَنَّهَا سَمِعَتْ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ: (مَنِ اسْتَطَاعَ مِنْكُمْ أَنْ لَا يَمُوتَ إِلَّا بِالْمَدِينَةِ فَلْيَمُتْ بِهَا فَإِنَّهُ مَنْ يَمُتْ بها تشفع له وتشهد اله).

الراوي: صَفِيَّة بِنْت أَبِي عُبَيْدٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3734 ا خلاصة حكم المحدث: صحيح _ ((الصحيحة)) (2928).

বাংলা

৩৭৩৪. সাফিয়্যাহ বিনতু আবী উবাইদ রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, "তোমাদের মাঝে যে ব্যক্তি পারে যে, সে মদীনা ছাড়া অন্য কোথাও মৃত্যুবরণ করবে না, তবে সে যেন এখানেই মৃত্যুবরণ করে, কেননা যে ব্যক্তি এখানে মৃত্যুবরণ করবে, সেটি তার জন্য সুপারিশ করবে এবং তার পক্ষে সাক্ষ্য দিবে।"[1]

ফুটনোট

[1] নাসাঈ আল কুবরার বরাতে তুহফাতুল আহওয়াযী: ১১/৩৪৫-৩৪৬; তাবারানী আল কাবীর: ২৪/৮২৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী



রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২৯২৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সাফিয়্যা বিনত আবূ উবায়দ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন